FACTSHEET

দাবীত্যাগঃএই তথ্যপত্রটি কেবল শিক্ষামূলক উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। ইংরেজি থেকে সঠিক অনুবাদ করার জন্য সর্বাত্মক চেষ্টা চালানো হলেও ভাষার অনুবাদ একটি খুবই জটিল কাজ, আর তাই পৃথক পৃথক অনুবাদে ভুল থাকতেই পারে। আপনার সন্তানের জন্য এই তথ্যটি উপযোগী কিনা তা যাচাই এর জন্য অনুগ্রহ করে আপনার ডাক্তার কিংবা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীদের সাথে পরামর্শ করুন।

# টিউবের মাধ্যমে খাওয়ানোঃ আপনার শিশুর ন্যাসোগ্যাস্ট্রিক টিউবের যত্ন নেওয়া
# Tube feeding: Caring for your child's Nasogastric tube

ন্যাসোগ্যাস্ট্রিক (NG) টিউব একটি বিশেষ ধরণের টিউব যা নাকের ভেতর দিয়ে ফরমুলা, পানি ও ঔষধকে সরাসরি পাকস্থলীতে নিয়ে যায়। কিছু কিছু শিশুর ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করে সব ধরণের পুষ্টি এবং পানির চাহিদা পূরণ করা হয় এবং অন্য শিশুদের জন্য এটি স্বাভাবিক খাবারের পাশাপাশি ব্যবহার করা হয়।

প্রতিদিন আপনার শিশুর NG টিউবটির যত্ন নিতে হবে। দৈনিক রক্ষনাবেক্ষন এটির কার্যক্ষমতা, স্থায়িত্ব এবং অপ্রয়োজনীয়ভাবে যাতে বদলের দরকার না হয় তা নিশ্চিত করবে।

## NG টিউবের অবস্থান পরীক্ষা করা
## Checking the NG tube position

NG টিউবের ভেতর ফরমুলা, পানি কিংবা ঔষধ দেওয়ার আগে টিউবটির ডগা যে শিশুর পাকস্থলীর ভেতরই আছে তা আপনাকে পরীক্ষা করে নিশ্চিত হতে হবে।

টিউব থেকে সিরিঞ্জের মাধ্যমে কিছুটা গ্যাস্ট্রিক ফ্লুইড বের করে নিয়ে এবং লিটমাস কাগজ/ pH নির্দেশক ব্যবহার করে অ্যাসিডিটি (রঙের পরিবর্তনের দ্বারা নির্দেশিত) পরীক্ষা করার মাধ্যমে এটি করা হয় । গ্যাস্ট্রিক ফ্লুইডের নমুনা সংগ্রহ করার জন্য বেশ কয়েকবার চেষ্টা করতে হতে পারে এবং এক্ষেত্রে আপনার শিশুর অবস্থান বদল করলে কাজটি সহজ হতে পারে। আপনার স্বাস্থ্যকর্মী আপনাকে শিখিয়ে দেবে কীভাবে তা করতে হবে।

আপনার শিশুর দেহে NG টিউবের অবস্থান সম্পর্কে যদি আপনার সন্দেহ থাকে, অথবা এর অবস্থান নিয়ে নিশ্চিত না হন তাহলে আপনার এই টিউব ব্যবহার করা উচিত নয়। যদি কোনো সন্দেহ থাকে তাহলে দেরি না করে আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করুন।

## টিউব ফ্লাশিং করা
## Flushing the tube

শিশুর NG টিউবটিকে নিয়মিত ফ্লাশ করলে তা বন্ধ হয়ে যাওয়া থেকে রক্ষা পাবে। আপনার পেশাদার স্বাস্থ্য কর্মী আপনাকে শিখিয়ে দেবে কীভাবে তা করতে হয়।

প্রতিবার খাওয়ানো এবং ঔষধ দেওয়ার পর শিশুর বয়স অনুসারে কিংবা আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর পরামর্শ অনুযায়ী ৫-২০ মিলি পানি ব্যবহার করে কমপক্ষে একবার NG টিউবটিকে ফ্লাশ করতে হবে। যদি খাবার এবং ঔষধ বার বার দেওয়া না হয় তাহলে টিউবটি প্রতি ৪ ঘন্টা অন্তর ফ্লাশ করতে হবে।

NG টিউব ফ্লাশ করতে হলেঃ

1. প্লাঞ্জার ছাড়া সিরিঞ্জের ডগাটি ফিডিং পোর্টের মধ্যে রাখুন।
2. টিউবটি ফ্লাশ করার জন্য নির্দিষ্ট পরিমাণ গরম পানি সিরিঞ্জের মধ্যে ঢালুন।

পানি মাধ্যাকর্ষণের টানে টিউবের ভেতর দিয়ে প্রবাহিত হতে পারে কিংবা আপনি সিরিঞ্জ প্লাঞ্জার দিয়ে ধীরে ধীরে মৃদু চাপ দিয়ে তা করাতে পারেন।

আপনার শিশু যদি পাম্পের মাধ্যমে খায় তাহলেও নিয়মিত ফ্লাশিং করতে হবে। পাম্পটিকে 'অন হোল্ডে' রাখতে হবে এবং ফ্লাশ করার জন্য NG টিউবের সংযোগ বিচ্ছিন্ন করে দিতে হবে।



This document was last reviewed on 30 May 2017
© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

## NG টিউবের যত্ন নেওয়া এবং বন্ধ হয়ে যাওয়া রোধ করা
## Managing and preventing a blocked NG tube

যদি আপনার শিশুর NG টিউব বন্ধ হয়ে যায়ঃ

1. NG টিউবটিতে ফাঁস কিংবা বাঁকা হয়ে আছে কিনা দেখে নিন।
2. ৩০ মিলি কিংবা এর চেয়ে ছোট আকারের একটি সিরিঞ্জ ব্যবহার করুন।
3. সিরিঞ্জটি গরম পানি দিয়ে ভর্তি করুন এবং মোটামুটি চাপ প্রয়োগ করে NG টিউবের ভেতর ফ্লাশ করুন। আপনি যদি সেখানে কোনো বাধা পান তাহলে কয়েক মিনিট সিরিঞ্জের উপর মৃদু চাপ এবং টানার চেষ্টা করে দেখুন বাধাটি দূর করতে পারেন কিনা।
4. যদি এতে কাজ না হয় তাহলে পরামর্শের জন্য আপনার পেশাদার স্বাস্থ্যকর্মী কিংবা স্থানীয় হাসপাতালের সাথে যোগাযোগ করুন।

NG টিউবটির বন্ধ হয়ে যাওয়া রোধ করা জরুরী। নিয়মিত ফ্লাশ করলে এটি রোধ করা যাবে।

NG টিউবটির বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকি আরো কমাতেঃ

- কী পরিমাণ পানি কত সময় ধরে ফ্লাশ করতে হবে তার নির্দেশাবলী অনুসরণ করুন।
- আপনার বাচ্চার ঔষধগুলো তরল আকারে দেওয়ার জন্য অনুরোধ করুন এবং ফার্মাসিস্টের সাথে যোগাযোগ করে সেগুলো NG টিউবের মাধ্যমে দেওয়া নিরাপদ কিনা তা জেনে নিন।
- ঔষধগুলো ফরমুলার সাথে মিশাবেন না যদি না আপনার পেশাদার স্বাস্থ্যকর্মী তা করার পরামর্শ দেয়।

## আপনার শিশুর NG টিউবটি যদি বের হয়ে চলে আসে তাহলে কী করতে হবে?
## What to do if your child's NG tube comes out?

- আপনার শিশুর NG টিউবটি যদি বের হয়ে চলে আসে তাহলে কী করতে হবে তা আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর বলে দেওয়া উচিৎ ছিল।
- NG টিউবটি আবার ঢুকানোর চেষ্টা করবেন কেবল যদি কোনো পেশাদার স্বাস্থ্য কর্মী আপনাকে তা নিরাপদে করার প্রশিক্ষণ দিয়ে থাকে। এর কারণ হল টিউবটি আপনার বাচ্চার পাকস্থলীর পরিবর্তে ফুসফুসের ভেতর ঢুকিয়ে দেওয়ার ঝুঁকি থাকে।
- আপনাকে যদি প্রশিক্ষণ দেওয়া না হয়ে থাকে, তাহলে তা বদলানোর পরামর্শের জন্য আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করুন।
- আপনি যদি আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করতে না পারেন তাহলে সাহায্যের জন্য আপনার নিকটস্থ জরুরী বিভাগে চলে যান। আপনার কাছে যদি বাড়তি সরঞ্জাম থাকে, তাহলে তা সাথে নিয়ে যান।

## ত্বকের যত্ন
## Skin care

ভাল করে আপনার শিশুর ত্বকের যত্ন নিলে তা প্রদাহ কিংবা চুলকানি থেকে রক্ষা পাবে।

**যেসব সহজ পদক্ষেপ আপনার অনুসরণ করা উচিতঃ**

- গরম পানি এবং একটি ধোয়ার কাপড় দিয়ে NG টিউবটির চারদিকের চামড়া পরিস্কার রাখুন।
- নাকের চারপাশ থেকে যেকোনো শক্ত হয়ে যাওয়া চামড়া বা শ্লেষ্মা দূর করুন।
- টেপ বদলানোর সময় অ্যাডহেসিভ রিমুভার থাকলে তা ব্যবহার করুন যাতে করে চামড়ার কোনো ক্ষতি না হয়।
- নতুন টেপ লাগানোর আগে চামড়া যাতে পরিস্কার এবং শুকনো থাকে তা নিশ্চিত করুন।
- যদি মুখের একপাশে লালচে দাগ কিংবা চুলকানি দেখেন তাহলে NG টিউবটি নাকের অন্য ছিদ্রে দিয়ে দেখতে পারেন।

## কতদিন পর পর আপনার বাচ্চার NG টিউব বদলাতে হবে?
## How often does your child's NG tube need changing?

কতদিন পর পর আপনার বাচ্চার NG টিউব বদলাতে হবে তা আপনার পেশাদার স্বাস্থ্যকর্মীর কাছে জিজ্ঞাসা করুন। কিছু কিছু NG টিউব ৩ মাস পর্যন্ত রাখা যেতে পারে, আবার অন্যগুলো এর চেয়ে ঘন ঘন বদলানোর দরকার হতে পারে।

## কখন আপনাকে সাহায্য চাইতে হবে?
## When should you ask for help?

যদি নিচের কোনোটি ঘটে, তাহলে আপনার উচিত হবে পেশাদার স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করাঃ

- নাকের দুই ছিদ্রের পাশেই লালচে দাগ এবং ফুলে গিয়ে থাকে।
- যদি টিউবটি বন্ধ হয়ে যায় এবং আপনি এটিকে খুলতে না পারেন।
- যদি টিউবটি খুলে যায় এবং আপনি এটিকে আবার ঠিক জায়গায় লাগাতে না পারেন।
- যদি টিউবটি বদলানোর দরকার হয়।

### মনে রাখবেনঃ
### Remember:

- NG টিউবের মধ্যে যেকোনো ফরমুলা, পানি কিংবা ঔষধ দেওয়ার আগে আপনাকে পরীক্ষা করে নিশ্চিত হতে হবে যাতে করে টিউবের ডগা পাকস্থলীর মধ্যে থাকে।
- পরামর্শ অনুযায়ী NG টিউব নিয়মিত ফ্লাশ করা জরুরী।
- ভালো করে ত্বকের যত্ন নিলে তা আপনার শিশুর ত্বকে চুলকানি রোধ করবে।
- যদি NG টিউবটি স্থানচ্যুত হয় কিংবা খুলে নেওয়া হয় তাহলে কেবল তখনই তা আবার লাগানোর চেষ্টা করুন যদি আপনার পেশাদার স্বাস্থ্য কর্মী আপনাকে এই কাজটি নিরাপদে করার প্রশিক্ষণ দিয়ে থাকে।

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.